

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
দিরাই উপজেলা পরিষদ
সুনামগঞ্জ জেলা।

**জুলাই/২০২২মাসে অনুষ্ঠিতউপজেলাপরিষদের সাধারণ সভারকার্যবিবরণী (৩৮ তম সভা)**

সভাপতি ঃ জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই
সভারস্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় ঃ ২৮/০৭/২০২২,বেলা- ১১:০০ ঘটিকা।

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' তে দেখানো হয়েছে**

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতির অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা ও সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>(১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
<tr><td>(২) বিগত মাসের উপজেলা পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা ঃ</td><td>মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই সভায় উপজেলা পরিষদের বিগত জুন/২০২২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী দাখিল করেন। দাখিলকৃত হিসাব বিবরণী নিম্নরূপ :
<table>
<tr><th colspan="3">আয়</th><th colspan="3">ব্যয়</th></tr>
<tr><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th><th>ক্র:নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>১</td><td>পূর্ববর্তী মাসের জের</td><td>৩২,৪৩,২৮২/৪১</td><td>১</td><td>চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের মে ও জুন/২০২২ মাসের সম্মানী ও বাড়ি ভাড়া</td><td>১,৯৮,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>ব্যাংক বিবরণী মোতাবেক প্রাপ্য</td><td>৫৯,০৮৮/-</td><td>২</td><td>অফিস সহায়কদ্বয়ের ও সুইপারের মে এবং জুন/২০২২মাসের বেতন</td><td>৬৭,৬৫০/-</td></tr>
<tr><td>৩</td><td>সাব-রেজিষ্ট্রার হতে ১%</td><td>৪৭,০৮২/৩৫</td><td>৩</td><td>উপজেলা পরিষদেও মে ও জুন/২০২২ মাসের আনুষাঙ্গিক বিল প্রদান</td><td>১০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৪</td><td>উপজেলা পরিষদেও মে ও জুন/২০২২মাসের আপ্যায়ন বিল প্রদান</td><td>৬০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৫</td><td>উপজেলা পরিষদেও এপ্রিল-জুন /২০২২ মাসের জীপ গাড়ির জ্বালানী বিল প্রদান</td><td>৬৬,৭৭৫/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৬</td><td>২০২১-২২ অর্থ বছরের পৌর কর প্রদান</td><td>৩,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৭</td><td>উপজেলা পরিষদেও বিদ্যুৎ বিল প্রদান</td><td>১,৭৯,৪৫৩/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৮</td><td>উপজেলা পরিষদেও দাপ্তরিক কাজে ব্যবহৃত মডেম বিল জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত সময়ের প্রদান ·</td><td>১২,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>৯</td><td>বন্যার্থদের মাঝে ত্রাণ বিতরনের বিল প্রদান</td><td>৩,৬০,০০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>১০</td><td>২০২১-২২ সনের উপজেলা পরিষদের ভূমি উন্নয়ন কর প্রদান</td><td>১২,০৬০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>১১</td><td>চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের জুইল/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ভ্রমণ বিল প্রদান</td><td>১,৩৮,১২৫/-</td></tr>
</table></td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১২ | উপজেলা পরিষদের ২০২১-২০২২সনের রাজস্ব তহবিলের অব্যবহৃত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তর | ১৯,৪৫,০৮৯/৭৬ |
| | | জুন/২০২২ মাসের মোট ব্যয়- | | ৩৩,৪৯,৪৫২/৭৬ |
| জুন/২০২২ মাসের আয়- | ১,০৬,১৭০/৩৫ | | সর্বমোট ব্যয়- | ৩৩,৪৯,৪৫২/৭৬ |
| সর্বমোট আয়- | ৩৩,৪৯,৪৫২/৭৬ | | | |

সমাপনী স্থিতি= ০

| | | |
|---|---|---|
| | উপস্থাপিত হিসাব বিবরণী অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত : উপজেলা পরিষদের বিগত জুন/২০২২ মাসের দাখিলকৃত আয়-ব্যয়ের হিসাব বিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই, সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় তার বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: পরবর্তী সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতী প্রতিবেদন সহ সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে আবহিত করেন। তিনি বলেন উপজেলা কৃষি অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান ২০২২-২৩ অর্থ বছরে চলতি (আমন) মৌসুমে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের উন্নয়ন সহায়তার (৭০% ভর্তুকি) মূল্যে কৃষক/কৃষক গ্রুপ/কৃষি যন্ত্র সেবা প্রদানকারীর মাঝে কম্বাইন হারভেষ্টার, রিপার ও রিপার বাইন্ডার, রাইস ট্রান্সপ্লান্টার, সিডার, বেড প্লান্টার, পাওয়ার থ্রেসার, মেইজ শেলার, ড্রায়ার, পাওয়ার স্প্রেয়ার, পাওয়ার উইডার, ক্যারেট ওয়াসার যন্ত্র সরবরাহের লক্ষ্যে আগ্রহী কৃষকগণেকে নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ আগামী ২৪ আগস্ট ২০২২ তারিখ অফিস চলাকালিন সময় পর্যন্ত আবেদন করার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। নির্ধারিত তারিখের পরে আর কোন আবেদন গ্রহণ করা হবে না। কাজেই বিষয়টি বহুল প্রচারের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষন করেন। বর্তমান বিশ্বে জ্বালানীর মূল্য বৃদ্ধির প্রভাব বাংলাদেশেও পড়েছে। সেই কারনে ইউরিয়া সার প্রতি কেজিতে ছয় টাকা মূল্য বৃদ্ধি পেয়েছে। কোন ডিলার যেন নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে সার বিক্রি করতে না পারে সেই দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২৭-১৪২৮ বঙ্গাব্দ এর পুরস্কার প্রদানের লক্ষ্যে আবেদন আহব্বান করা হয়েছে। আবেদনের বিষয়ে বিস্তারিত তথ্য উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান উপজেলা ভিত্তিক একটি যাচাই বাছাই কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে উপজেলা পরিষদের সাধারণ সভার সিদ্ধান্তের ভিত্তিতে একজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কে উক্ত কমিটির সদস্য হিসেবে নির্বাচনের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশার প্রেক্ষিতে একজন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান'কে কমিটির সদস্য হিসেবে নির্বাচন করার জন্য অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। সেই সাথে ৭০% ভর্তুকি মূল্যে আধুনিক কৃষি যন্ত্রপাতি প্রদানের বিষয়ে এবং বঙ্গবন্ধু কৃষি পুরস্কার ২০২২ এর জন্য যেন প্রকৃত কৃষকদের নির্বাচন করা হয় সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানানো হয়। বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২৭-১৪২৮ বঙ্গাব্দ প্রদান কমিটিতে দিরাই সরমঙ্গল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, দিরাই'কে সর্বসম্মতিক্রমে সদস্য হিসেবে মনোনিত করা হলো। | উপজেলা কৃষি অফিসার, দিরাই। |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা মৎস্য অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। দেশি মা মাছ ও রেনু নিধন রক্ষার্থে সকলকে সার্বিক সহযোগিতা করার জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। জেলেদের আইডি কার্ড প্রদানের কার্যক্রম চলমান হয়েছে, আগ্রহী জেলেদের তার দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান ২৩-২৯ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হচ্ছে। এতে সকলের সহযোগীতা করার জন্য ধন্যবাদ জানান।<br><br>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিরাই তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা প্রাণিসম্পদ অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আগাম বন্যার পরপর যে সমস্যাটি বেশি পরিলক্ষিত হয় তা হলো গবাদি পশুর ক্ষুরা রোগ সহ অন্যান্য রোগ বালাই। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা দিরাই |

উপজেলা প্রাণি সম্পদ অফিসের আওতায় গবাদি পশুকে ক্ষুরা রোগের ভ্যাক্সিন প্রদান করা হবে। উক্ত ভ্যাক্সিন কার্যক্রমে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। বন্যায় গো-খাদ্যের সংক; বর্তমানের যে পরিমাণ বরাদ্দ পাওয়া গেছে তা প্রয়োজনের তোলনায় অপ্রতুল।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

---

**প্রকল্প বাস্ত বায়ন বিভাগ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায়আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়ন: উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই

---

**সমাজসেবা বিভাগ**

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই এর প্রতিনিধি তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন উপজেলা সমাজসেবা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়ন: উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দিরাই

---

**পরিবার পরিকল্পনা বিভাগ**

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার পরিবার পরিকল্পনা অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়ন: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা দিরাই।

---

**জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তার দপ্তরের অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই'কে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়ন: উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই

---

**খাদ্য বিভাগ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন খাদ্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। চলতি মৌসুমে বোরো সংগ্রহ/২০২২

| ক্রঃনং | পণ্য | দর | লক্ষমাত্রা (মেঃটন) | এ পর্যন্ত অর্জন (মেঃটন) | চুক্তির পরিমাণ (মেঃটন) |
|---|---|---|---|---|---|
| ০১ | আন | ২৭/- | ৪,০৫৮.০০ | ৫২৫.০০০ | -- |
| ০২ | সিদ্ধ চাল | ৪০/- | ২২৪.০০ | -- | ২২৪.০০ |
| ০৩ | আতপ চাল | ৩৯/- | ১০১২.০০ | ২২৫.০০০ | ৭৫৮.০০০ |

খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা ডিজিটাল ডাটাবেজ এর কাজ চলমান :

| ক্রঃনং | ইউনিয়নের নাম | ভোক্তার সংখ্যা | এ পর্যন্ত যাচাইকৃত ভোক্তার সংখ্যা | অবশিষ্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | রফিনগর | ৯৫৯ | -- | ৯৫৯ | এখনও কাজ শুরু করেন নাই |
| ২. | ভাটিপাড়া | ৭৮৯ | -- | ৭৮৯ | এখনও কাজ শুরু করেন নাই |
| ৩. | রাজানগর | ৯৭৩ | ৫ | ৯৬৮ | |
| ৪. | চঅনারচর | ১০৪৭ | -- | ১০৪৭ | এখনও কাজ শুরু করেন নাই |
| ৫. | দিঃসরমঙ্গল | ৭৩৬ | ৬ | ৭৩০ | |
| ৬. | করিমপুর | ৯৭৭ | -- | ৯৭৭ | এখনও কাজ শুরু করেন নাই |
| ৭. | জগদল | ১১২৭ | -- | ১১২৭ | এখনও কাজ শুরু করেন নাই |
| ৮. | তাড়ল | ৮২৬ | ১৪৬ | ৬৮০ | |
| ৯. | কুলঞ্জ | ১১৩৭ | ৬ | ১১৩১ | |
| | মোট | ৮৫৭১ | ১৬৩ | ৮৪০৮ | |

উপরোক্ত কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বিষয়গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

<u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ খাদ্যবান্ধব কর্মসূচির ভোক্তার তালিকা দ্রুত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের সাথে পত্র যোগাযোগ করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাইকে অনুরোধ জানান।

বাস্তবায়ন: উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, দিরাই

---

**শিক্ষা বিভাগ**

উপজেলা শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতায় যে পরিমাণ অর্থ ব্যয় হয়েছে তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। কাজেই উপজেলা পরিষদ হতে

বাস্তবায়ন: উপজেলা শিক্ষা অফিসার, দিরাই

<table>
<tr><td></td><td>আর্থিক অনুদান হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভার দৃষ্টি আকর্ষণ করে অত্র উপজেলার প্রাথমিক শিক্ষার গুণগত মান এবং শিক্ষকদের দায়িত্ব অবহেলার জন্য ক্ষুভ প্রকাশ করেন। তিনি বলেন বিদ্যালয় চলাকালিন সময় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকগণকে দিরাই বাজার সহ অন্যান্য স্থানে ঘুরাঘুরি করতে দেখাযায়। বিষয়গুলো দৃষ্টিকঠোর, কাজেই বিদ্যালয় চলাকালিন সময়ে যেন কোন শিক্ষক বিদ্যালয়ের বাহিরে (বিনা ছুটিতে) না থাকেন। যদি কোন শিক্ষক ছুটি বিহীন বিদ্যালয়ের বাহিরে থাকেন তাদের বিরোদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারীক্রমে সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার'কে পত্রের কপি প্রদানের জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিরাই'কে অনুরোধ জানান।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং শিক্ষার গুণগত মান ও শিক্ষকদের দায়িত্ব পালনে আরো গুরুত্ব এবং তদারকি বৃদ্ধি করার জন্য উপজেলা শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
<tr><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই</td></tr>
<tr><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার দিরাই তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন তাঁর বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমবায় অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার, দিরাই</td></tr>
<tr><td>বিএডিসি (সেচ)</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা গেল না। পরবর্তী সভায় বিস্তারিত প্রতিবেদন সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রমের বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্যসহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) দিরাই</td></tr>
<tr><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার দিরাই এর প্রতিনিধি সভায় জানান তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সুনামগঞ্জ মহোদয় দিরাই উপজেলার অতিরিক্ত দায়িত্ব পালন করছেন।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই</td></tr>
<tr><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই</td></tr>
<tr><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিরাই, সভায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি জানান তার দাপ্তরিক সকল কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিভাগীয় কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই</td></tr>
<tr><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই সভায় অনুপস্থিত থাকায় তাঁর ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u> বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাইকে অনুরোধ জানানো হয়।</td><td>ম্যানেজার,পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই</td></tr>
<tr><td>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</td><td>উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভায় কোন আলোচনা করা গেল না। বিস্তারিত প্রতিবেদন সহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।<br><br><u>সিদ্ধান্ত ঃ</u>বিস্তারিত প্রতিবেদন সহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই'কে অনুরোধ জানানো হয়।</td><td>উপসহকারী প্রকৌশলী ও শাখা কর্মকর্তা, দিরাই</td></tr>
<tr><td>তথ্যসেবা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)</td><td>(ক) তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই সভায় তার তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির তথ্য উপস্থাপন করেন।<br><br>
<table>
<tr><th>ক্রং নং</th><th>কার্যক্রম</th><th>লক্ষমাত্রা (প্রতিমাসে)</th><th>অর্জিত লক্ষ্যমাত্রা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১.</td><td>তথ্যকেন্দ্র ডোর টু ডোর এবং উঠান বৈঠক</td><td>২০,০০০ জন</td><td>২০,৯৪০ জন</td><td>কার্যক্রম চলমান<br>কার্যক্রম চলমান</td></tr>
</table></td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), তথ্যকেন্দ্র দিরাই</td></tr>
</table>

| ক্রং নং | স্বাস্থ্য সেবার প্রকারভেদ | মন্তব্য |
|---|---|---|
| **প্রাথমিক স্বাস্থ্য সেবার ধরণ ঃ** | | |
| ০১. | রক্তচাপ পরিমাপ | প্রত্যেকটি যন্ত্রের একটি করে সেট থাকায় অনেক সময় তথ্যকেন্দ্রের পাশাপাশি ডোর টু ডোর স্বাস্থ্য সেবা প্রদান করায় ব্যাঘাত ঘটে। |
| ০২. | রক্তে গ্লুকোজের পরিমাপ | |
| ০৩. | রক্তে অক্সিজেনের পরিমাপ | |
| ০৪. | শরীরের তাপমাত্রা পরিমাপ | |
| ০৫. | উচ্চতা পরিমাপ | |
| ০৬. | ওজন পরিমাপ | |
| **অন্যান্য সেবা সমূহ :** | | |
| ০১. | ইন্টারনেটের মাধ্যমে মহিলাদের সকল প্রকার সেবা প্রদান যেমন- ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং, বিভিন্ন পরীক্ষার ফলাফল, চাকরির খবর, চাকরির আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ইত্যাদি অনলাইন সেবাসমূহ। | |
| ০২. | শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার ও কৃষি বিষয়ক সেবা প্রদান। | |
| ০৩. | গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের উপজেলার বিভিন্ন দপ্তর সমূহের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা। | |

সিদ্ধান্ত ঃ তথ্যকেন্দ্রের বর্তমানে চলমান বিভিন্ন কর্মসূচির কর্মপরিধি বৃদ্ধি করার জন্যঅনুরোধ করা হয়।

## (৩) বিবিধ ঃ

(ক) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন- ২০২১-২০২২ অর্থবছরের ২৫.০০ লক্ষ টাকার বিশেষ বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দে উল্লেখ ছিল মাননীয় সংসদ সদস্যের সাথে পরামর্শ করে প্রাপ্ত বরাদ্দের প্রকল্প গ্রহণ করার জন্য। পরবর্তীতে মাননীয় সংসদ সদস্যের ডিও'র মাধ্যমে প্রকল্প তালিকা প্রেরণ করেন এবং তা বাস্তবায়ন করা হয়। বাস্তবায়িত প্রকল্প গুলো সভায় অনুমোদনের জন্য সুপারিশ করেন। তিনি আরও জানান দিরাই উপজেলার নতুন গ্রামীণ সড়ক এইজিইডির **Road Inventory** তে অন্তর্ভূক্ত করনের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থাপিত প্রস্তাবে ২.০০ কিঃমিঃ উর্দ্ধে গ্রামীণ সড়ক যহা গ্রাম সড়ক টাইপ-বি হিসাবে সড়ক এবং ২.০০কিঃমিঃ নিম্নে ২১টি গ্রাম সড়ক টাইপ-বি হিসেবে অন্তর্ভূক্ত করার জন্য উপস্থাপন করেন। বিষয়দুটি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ ২০২১-২০২২ অর্থবছরের ২৫.০০ লক্ষ টাকা প্রাপ্ত বিশেষ বরাদ্দের প্রেক্ষিতে মাননীয় সংসদ সদস্য হতে প্রাপ্ত ডিও পত্রের মাধ্যমে সুপারিশে বাস্তবায়িত সকল প্রকল্প সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই সাথে গ্রাম সড়ক টাইপ-বি হিসাবে মোট৩২+২১= ৫৩টি সড়ক অন্তর্ভূক্ত করনের সিদ্ধান্ত গৃহীত হয়। অনুমোদিত তালিকা পরিশিষ্ট 'গ ও ঘ'।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

(খ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার দিরাই, সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত কম্পিউটার, প্রিন্টার এবং ইউপিএস বৈদ্যুতিক ঘোলযোগের কারনে নষ্ট হয়ে যাওয়ার জন্য দাপ্তরিক কাজে বিঘ্নীত হচ্ছে। সেই সাথে তিনি আরও জানান উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে সৌর বিদ্যুৎ চালিত ০১টি আইপিএস এবং ০২টি ব্যাটারী স্থাপন করা জরুরি হয়ে পড়েছে। সভা বা রাষ্ট্রিয় কোন গুরুত্ব পূর্ণ অনুষ্ঠান চলাকালে বিদ্যুৎ চলে গেলে সভা কক্ষে আর কোন কাজ কর্ম করা যায় না। কাজেই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১টি কম্পিউটার, ০১টি প্রিন্টার ও ০১টি ইউপিএস এবং সৌর বিদ্যুৎ চালিত ০১টি আইপিএস এবং ০২টি ব্যাটারী জরুরি ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। বিষয় দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১টি কম্পিউটার, ০১টি প্রিন্টার ও ০১টি ইউপিএস এবং উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের জন্য সৌর বিদ্যুৎ চালিত ০১টি আইপিএস এবং ০২টি ব্যাটারী জরুরি ভিত্তিতে ক্রয় করার লক্ষ্যে ০৭(সাত) সদস্য বিশিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)'র মাধ্যমে বাস্তবায়ন করার জন্য এ খাতে সর্বোচ্চ ১.৮০ (এক লক্ষ আশি হাজার) টাকা ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) পরিশিষ্ট 'ঙ'।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মূখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই/ উপজেলা প্রকৌশলী, দিরাই

(গ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান উপজেলা পরিষদ (কর্মচারী চাকুরী) বিধিমালা- ২০১০ এর অষ্টম অধ্যায় তহবিলে টাকা বিনিয়োগ পদ্দতি ৪৯ এর ২ অনুচ্ছেদে মোতাবেক উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং গাড়ি চালদের জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত সময়ে তাদের ভবিষ্য তহবিলে জমাকৃত চাঁদার উপর সুদ বা ইনক্রিমেন্ট বাবদ- (৩৭,৭০১ + ৫,০৮১) = ৪২,৭৮২/-(বিয়াল্লিশ হাজার সাতশত বিরাশি) টাকা প্রাপ্য হয়েছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তা পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ (কর্মচারী চাকুরী) বিধিমালা- ২০১০ এর অষ্টম অধ্যায় তহবিলে টাকা বিনিয়োগ পদ্দতি ৪৯ এর ২ অনুচ্ছেদে মোতাবেক উপজেলা পরিষদের সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এবং গাড়ি চালদের জুলাই/২০২১ হতে জুন/২০২২ পর্যন্ত সময়ে তাদের ভবিষ্য তহবিলে জমাকৃত চাঁদার উপর সুদ বা ইনক্রিমেন্ট বাবদ- (৩৭,৭০১+৫,০৮১) = ৪২,৭৮২/-(বিয়াল্লিশ হাজার সাতশত বিরাশি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে তা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই

(ঘ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস কক্ষে রক্ষিত ০৩সেট মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ছবি এবং ০৩টি অনার বোর্ড নষ্ট হয়ে গেছে তাই নতুন করে স্থাপন করা প্রয়োজন মর্মে সভায় উপস্থাপন করেন। জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০৩সেট মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ছবি এবং ০৩টি অনার বোর্ড তৈরির করার জন্য

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/ মুখ্য নির্বাহী কর্মকর্তা



CamScanner

| | | |
|---|---|---|
| | সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ জরুরি ভিত্তিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ০৩সেট মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ছবি এবং ০৩টি অনার বোর্ড তৈরির করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঙ) সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিরাই সভায় বলেন উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের পানির লাইনটি নষ্ট হয়ে পানি সরবরাহ বন্ধ হয়ে যায় পরবর্তীতে তা মেরামত করা হয়েছে। মেরামত করতে সর্বমোট- ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান তার অফিসের আইপিএসটি বন্যার পানিতে নষ্ট হয়ে গেছে। উপজেলা পরিষদ হতে যদি মেরামত করে দেওয়ার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন চন্দ্রমল্লিকা ভবনের পানির লাইনটি মেরামত কাজে ব্যয়িত ১২,৫০০/- (বার হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই সভায় জানান উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত কাজে ৮,০০০/- (আট হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপ গাড়ি মেরামত কাজে ব্যয়িত- ৮,০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ছ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জনাব জহির ইসলাম, পিতা- মোঃ আব্দুল বারী, (২) মোঃ শাহ আলম মিয়া, পিতা- মোঃ আব্দুল বারিক, উভয় সাং- ইসলামপুর, ইউ/পি- তাড়ল, উপজেলা- দিরাই এর আবেদনখানা সভায় পাঠ করে শুনান। আবেদন দৃষ্টে দেখাযায় তাদের বসত ঘর এবং বসত ঘরে থাকা দোকানে আগ্নিকান্ডে সকল প্রকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে। তিনি আরও জনাব মোঃ ফরাছ মিয়া, পিতা- নূর মিয়া, সাং- হাতিয়া, ইউ/পি- কুলঞ্জ, উজেলা- দিরাই এর আবেদন খানা সভায় পাঠকরে শুনান। আবেদন দৃষ্টে দেখাযায় তার ০৫(পাঁচ) বছরের মেয়ে ফরিদা আক্তার বাড়ির পিছনে বন্যার পানিতে ডুবে মৃত্যু বরণ করেছে। আবেদন দুটিতে উপজেলা পরিষদ হতে তাদের আর্থিক সহযোগিতা করার জন্য অনুরোধ করেছেন। বিষয় দুটি নিয়ে সভা বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ (১) জনাব জহির ইসলাম, পিতা- মোঃ আব্দুল বারী, (২) মোঃ শাহ আলম মিয়া, পিতা- মোঃ আব্দুল বারিক, উভয় সাং- ইসলামপুর, ইউ/পি- তাড়ল, উপজেলা- দিরাই'কে এবং বন্যার পানিতে ডুবে মৃত্যু বরণ করায় মৃত ব্যক্তির বাবা (৩) জনাব মোঃ ফরাছ মিয়া, পিতা- নূর মিয়া, সাং- হাতিয়া, ইউ/পি- কুলঞ্জ, উজেলা- দিরাই'কে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক অনুদান হিসেবে প্রত্যেকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (জ) মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, দিরাই সভায় জানান সিলেট সহ সুনামগঞ্জ জেলায় বন্যার পরিস্থিতি মোকাবিলায় বানবাসী মানুষের মধ্যে জরুরি ত্রাণ সামগ্রী বিতরণের জন্য মেসার্স নারায়ন ষ্টোর, দিরাই বাজার হতে ত্রাণ সামগ্রী ক্রয়পূর্বক বন্যা কবলিত অসহায় মানুষের মাঝে জরুরি ত্রাণ বিতরণ করা হয়েছে। উক্ত ত্রাণ সামগ্রী ক্রয় করতে সর্বমোট- ৪,৮৫,০০০/- (চার লক্ষ পচাশি হাজার) টাকার বিল মেসার্স নারায়ন ষ্টোর, দিরাই বাজারে বকেয়া পাওনা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার "ঘ" নং অনুচ্ছেদ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে চলতি অর্থ বছরে উক্ত বকেয়া পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>সিদ্ধান্ত ঃ ত্রাণ সামগ্রী ক্রয় করতে ব্যয়িত (বকেয়া) সর্বমোট- ৪,৮৫,০০০/- (চার লক্ষ পচাশি হাজার) টাকা মেসার্স নারায়ন ষ্টোর, দিরাই বাজার'কে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার "ঘ" নং অনুচ্ছেদ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে চলতি অর্থ বছরে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |
| | (ঝ) উপজেলা প্রকৌশলী (এলজিইডি), দিরাই সভায় বলেন উপজেলা পরিষদের মালিকানাধীন ০৭টি ভবনের পানির পাম্প বন্যার পানিতে ডুবে যায়। বন্যার পানি নামার সাথে সাথে জরুরি ভিত্তিতে বাসা বাড়িতে পানির লাইন সচল করার স্বার্থে ০৭টি পানির পাম্প মেরামত করানো হয়। উক্ত কাজে সর্বমোট- ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান।<br><br>সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের মালিকানাধীন ০৭টি ভবনের পানির পাম্প বন্যার পানিতে ডুবে নষ্ট হওয়া পানির পাম্প পুনঃরায় মেরামত কাজে ব্যয়িত ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই/<br>মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার, দিরাই |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মঞ্জুর আলম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দিরাই
সুনামগঞ্জ।



CamScanner

'শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি'

স্মারক নং- ০৫.৬০.৯০২৯.০০০.১০.০০১.১২-২২ (৫০) তারিখ ঃ ১৮/০৭/২০২২খ্রি।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। মেয়র, দিরাই পৌরসভা।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ........................................................................ অফিসার (সংশ্লিষ্ট সকল), দিরাই।
০৯। চেয়ারম্যান........................................................................ ইউ/পি (সকল), দিরাই।
১০। অফিস নথি/মাস্টার ফাইল।

(মাহমুদুর রহমান মামুন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দিরাই
ও
উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট "ক"

| সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। জনাব মোঃ মঞ্জুর আলম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০২। জনাব মোঃ মোহন চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই<br>০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিরাই।<br>০৪। মেয়র, দিরাই পৌরসভা।<br>০৫। চেয়ারম্যান, রফিনগর ইউ/পি, দিরাই।<br>০৬। চেয়ারম্যান, রাজানগর ইউ/পি, দিরাই।<br>০৭। চেয়ারম্যান, চরনারচর ইউ/পি, দিরাই।<br>০৮। চেয়ারম্যান, দিরাই সরমঙ্গল ইউ/পি, দিরাই।<br>০৯। চেয়ারম্যান, করিমপুর ইউ/পি, দিরাই।<br>১০। চেয়ারম্যান, জগদল ইউ/পি, দিরাই।<br>১১। চেয়ারম্যান, তাড়ল ইউ/পি, দিরাই।<br>১২। সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, দিরাই। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০২। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা কৃষি অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। উপজেলা সমাজসেবা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৫। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপজেলা প্রকৌশলী, দিরাই, সুনামগঞ্জ।<br>০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৯। উপজেলা সমবায় অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১০। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১১। উপজেলা শিক্ষা অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৩। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>১৪। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দিরাই, সুনামগঞ্জ।<br>১৫। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

পরিশিষ্ট "খ"

| সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা(জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) | সভায় অনুপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়) |
|---|---|
| ০১। চেয়ারম্যান, ভাটিপাড়া ইউ/পি, দিরাই।<br>০২। চেয়ারম্যান, কুলঞ্জ ইউ/পি, দিরাই। | ০১। সহকারী কমিশনার (ভূমি), দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।<br>০৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৪। ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার, দিরাই<br>০৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দিরাই, সুনামগঞ্জ।<br>০৬। উপসহকারী প্রকৌশলী (বাপাউবো) ও শাখা কর্মকর্তা, দিরাই।<br>০৭। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বিএডিসি, দিরাই, সুনামগঞ্জ(কো-অপ্টকৃত কর্মকর্তা)।<br>০৮। ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, দিরাই, সুনামগঞ্জ (কো-অপ্টকৃত কর্মকর্তা)। |

'শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি'

## পরিশিষ্ট ঙ

প্রকল্পের নাম ঃ উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ০১টি কম্পিউটার, ০১টি প্রিন্টার, ০১টি ইউপিএস এবং উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের জন্য সৌর বিদ্যুৎ চালিত ০১টি আইপিএস এবং ০২টি ব্যাটারী ক্রয় সংক্রান্ত কমিটি।

| ক্রমিক নং | নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ হাবিল মিয়া, ইউ/পি সদস্য ০৬নং করিমপুর ইউনিয়ন পরিষদ, দিরাই | সভাপতি |
| ২. | জনাব আজিজুল হক, পিতা- আবু হাসিম, সাং- মদনপুর, করিমপুর, দিরাই | সেক্রেটারী |
| ৩. | জনাব হারুন মিয়া, পিতা- মৃত রোশন আলী, সাং- সাং- মদনপুর, করিমপুর, দিরাই | সদস্য |
| ৪. | জনাব আল-আমিন, পিতা- ধন মিয়া, সাং- নতুন কর্ণগাঁও, করিমপুর, দিরাই | সদস্য |
| ৫. | জনাব নিশিত দাস, পিতা- প্রভাকান্ত দাস, সাং- নতুন কর্ণগাঁও, করিমপুর, দিরাই | সদস্য |
| ৬. | জনাব শাহাজাত আলী, পিতা- মৃত সমর আলী, সাং- নতুন কর্ণগাঁও, করিমপুর, দিরাই | সদস্য |
| ৭. | আরজান খা, পিতা- মৃত হাদিছ খা, সাং- নতুন কর্ণগাঁও, করিমপুর, দিরাই | সদস্য |